

গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের, এপ্লাইড ফিজিক্স ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং - ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অ্যালামনাই এসোসিয়েশন - এর গঠনতন্ত্র অনুযায়ী সদস্যপদ সংক্রান্ত ধারাসমূহ, সকলের অবগতির জন্য তুলে ধরা হলো:

ধারা-৭ সদস্যপদ

ধারা-৭. (ক) সদস্য পদের যোগ্যতাঃ

ঢাকা বিশ্ববিদ্যালয়-এর বর্তমান ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ অথবা যার পূর্বনাম এপ্লাইড ফিজিক্স / এপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স/ এপ্লাইড ফিজিক্স, ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং হতে নির্ধারিত ডিগ্রিপ্রাপ্ত হয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় হতে সার্টিফিকেট অর্জন করেছেন, এমন যে কোন অ্যালামনাই অত্র অ্যাসোসিয়েশনের গঠনতন্ত্র-এর বিধি ও নিয়মাবলীর প্রতি পূর্ণ আস্থা জ্ঞাপন করে নির্ধারিত ফি প্রদান পূর্বক অ্যাসোসিয়েশনের সদস্য হওয়ার জন্য নির্ধারিত আবেদন ফর্মে আবেদন করতে পারবেন। করবেন। আবেদন কার্যনির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত হলে আবেদনকারী অ্যাসোসিয়েশনের সদস্য হিসাবে গণ্য হইবেন।

ধারা-৭. (খ) সদস্য হওয়ার নিয়মাবলীঃ

ধারা-৭.খ.১) সংগঠন কর্তৃক নির্ধারিত আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নির্ধারিত ফিসহ সভাপতি/সাধারণ সম্পাদক বরাবরে জমা দিতে হবে।

ধারা-৭.খ.২) কার্যকরী পরিষদের সভায় গৃহীত প্রস্তাব অনুযায়ী সদস্যপদের আবেদন পত্র মঞ্জুর/খারিজ হবে।

ধারা-৭.খ.৩) সংগঠনের বাৎসরিক চাঁদা ৫০০/- (পাঁচশত) টাকা হিসাবে পরিশোধ করতে হবে।

4

অনুমোদিত
২০২৩

নির্বাহীকরন কর্তৃপক্ষ
শেখহাসেনা প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সম্মারনেবা কর্মালয়, ঢাকা।

মোঃ মাহফুজ আলী সোহেল
সভাপতি
ঢাকা বিশ্ববিদ্যালয় এপ্লাইড ফিজিক্স ইলেকট্রনিক্স
এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং সেন্টার
১১৩৩নিক ইলেকট্রনিক্স অ্যালামনাই এসোসিয়েশন

মোহাম্মদ জোনায়েদুর রশীদ
সাধারণ সম্পাদক
ঢাকা বিশ্ববিদ্যালয় এপ্লাইড ফিজিক্স ইলেকট্রনিক্স
এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং সেন্টার
ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং অ্যালামনাই এসোসিয়েশন

ধারা-৭.খ.৪) সাধারণ সম্পাদক জমাকৃত আবেদন পত্র অনুমোদনের জন্য কার্যনির্বাহী পরিষদের সভায় পেশ করবেন এবং অনুমোদন সাপেক্ষে সদস্য খাতায় লিপিবদ্ধ করবেন। কার্যনির্বাহী পরিষদের সভায় সদস্যপদের জন্য আবেদনকারী ব্যক্তির নাম সংস্থার সদস্য হিসেবে গণ্য হলে ০৩(তিন) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তিকে বিষয়টি অবহিত করা হবে।

ধারা-৮ সদস্যপদের ধরণঃ

এই প্রতিষ্ঠানে নিম্নরূপ ৫ (পাঁচ) ধরণের সদস্য থাকবেঃ

ধারা-৮.১) প্রতিষ্ঠাতা সদস্যঃ

যাদের উদ্যোগে সংগঠনটি প্রতিষ্ঠিত হয়েছে তারাই প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে বিবেচিত হবেন। সাধারণ সদস্যদের ন্যায় তারা বার্ষিক চাঁদা পরিশোধ করবেন। তাদের ভোটাধিকার এবং নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার ক্ষমতা থাকবে।

ধারা-৮.২) সাধারণ সদস্যঃ

সংগঠনের সকল প্রতিষ্ঠাতা সদস্য, আজীবন সদস্য এবং ধারা-৭ মোতাবেক সকল সদস্য সাধারণ সদস্য হিসেবে গণ্য হবেন। সাধারণ সদস্যদের ভোটাধিকার এবং সংস্থার যে কোন বিষয়ে জ্ঞানার অধিকার থাকবে। তারা নির্বাচনে অংশ গ্রহণ ও প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন।

ধারা-৮.৩) আজীবন সদস্যঃ

সংগঠনের আদর্শ, উদ্দেশ্য এবং গঠনতন্ত্রের প্রতি আস্থাশীল হয়ে যে কোন অ্যালামনাই এককালীন ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা কিংবা সমপরিমাণ সম্পদ দান করলে কার্যনির্বাহী পরিষদের অনুমোদনক্রমে তাকে আজীবন সদস্য হিসেবে গ্রহণ করা যাবে। তিনি ভোট প্রদান এবং নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার অধিকার লাভ করবেন। তাকে বার্ষিক চাঁদা প্রদান করতে হবে না।


ধারা-৮.৪) সহযোগী সদস্যঃ


ঢাকা বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক কিংবা সংশ্লিষ্ট আজীবন সদস্যের স্পাউজ অথবা কার্যনির্বাহী কমিটির বিবেচনায় এসোসিয়েশনের স্বার্থে প্রয়োজন এমনি কাউকে সদস্যপদ প্রদান করা যাইবে।

১৫/১১/২০

5


মোহাম্মদ জোহান্না বেগম
সাধারণ সম্পাদক
ঢাকা বিশ্ববিদ্যালয়ের এনসিউ মিডিক্স ইনস্টিটিউট
এবং কার্যনির্বাহী পরিষদ, ইসলামিক সেন্টার
ইসলামিক ইন্সটিটিউট, আলমদায়ী এডুকেশন

অনুমোদিত

নির্বাহীকরণ কর্তৃপক্ষ
শেখহাসেনা প্রতিষ্ঠান সমূহ (দিবান ও নিয়ন্ত্রণ)
জেনা সমাজসেবা কার্যালয়, ঢাকা।


মোঃ মাহফুজ আলী সোহেল
সভাপতি
ঢাকা বিশ্ববিদ্যালয় এনসিউ মিডিক্স ইনস্টিটিউট
এবং কার্যনির্বাহী পরিষদ, ইসলামিক সেন্টার
ইসলামিক ইন্সটিটিউট, আলমদায়ী এডুকেশন

তবে কোন সদস্য কার্যনির্বাহী কমিটির নির্বাচনে অংশগ্রহণ কিংবা ভোট প্রদান করিতে পারিবেন না এবং নির্বাচন সংক্রান্ত কোন কর্মকাণ্ডে যোগ দিতে পারিবেন না। আজীবন সদস্যদের মতো তারাও এককালীন ৫০০০/- (পাঁচ হাজার) টাকা সদস্য ফি হিসাবে প্রদান করিবেন।

ধারা-৮.৫) অনারারী সদস্যঃ

কার্যনির্বাহী কমিটি প্রয়োজনবোধে সেইসব নন-আপালামনাইদের, যাঁহারা এসোসিয়েশনের মর্যাদা ও স্বার্থের উন্নয়নে/পরিবর্ধনে সহায়ক, ডোনার, স্বনামধন্য ব্যক্তিবর্গকে অনারারী সদস্যপদ প্রদান করিতে পারিবে। তবে, অনারারী সদস্যদের কোন নির্বাচনে অংশগ্রহণ কিংবা ভোট প্রদানের ক্ষমতা থাকিবে না।